BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 10:18 PM

সারাদেশ

আশুগঞ্জে ১ লাখ ৪৪ হাজার বিদেশি সিগারেটসহ তিন চোরাকারবারি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে বিপুল পরিমাণ বিদেশি সিগারেট ও একটি সিএনজিচালিত অটোরিকশাসহ তিন চোরাকারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

পুলিশ জানায়, শনিবার বিকেল ৫টা ৫০ মিনিটে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার দুর্গাপুর ইউনিয়নের সোহাগপুর এলাকায় অভিযান চালায় আশুগঞ্জ থানার একটি বিশেষ দল।

এ সময় একটি সিএনজিচালিত অটোরিকশা থামিয়ে তল্লাশি চালানো হয়। পরে সেখান থেকে শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা ১ লাখ ৪৪ হাজার শলাকা বিদেশি প্যাট্রন সিগারেট উদ্ধার করা হয়। এ ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন নরসিংদীর শিবপুরের বংশীদিয়া এলাকার হাবিব মিয়ার ছেলে হিমেল মিয়া, পলাশের ফুলবাড়িয়া এলাকার মৃত জাকির হোসেন গাজীর ছেলে রাইসুল এবং ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের মৃত আলফু মিয়ার ছেলে আব্দুল আওয়াল।

জেলা পুলিশ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, এ ঘটনায় আশুগঞ্জ থানায় নিয়মিত মামলা করা হয়েছে।

পুলিশ বলছে, শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা বিদেশি সিগারেটের চোরাচালান বন্ধে তাদের অভিযান অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক

যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ

সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নূরুল ইসলাম নূরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/ashugnje-1-lakh-44-hajar-bideshi-sigaretsh-tin-chorakarbari-greptar